M.G. ET AL. V. N.Y. CITY DEP'T OF EDUC., ET AL., 13 CV 4639 (SHS) (RWL)

শিক্ষার্থীর রেকর্ডের সম্ভাব্য প্রকাশের বিজ্ঞপ্তি

অনুগ্রহ করে মনোযোগের সাথে পড়ুন। এটি উপর্যুক্ত মামলার সাথে সংশ্লিষ্ট ইউনাইটেড স্টেটস ডিস্ট্রিক্ট কোর্ট-এর বার্তা। নিউ ইয়র্ক সিটির কিছু স্পেশাল এডুকেশন সার্ভিস এবং বিধির উপর করা ক্লাস একশন মামলায়, প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং তাদের পিতামাতাদের প্রতিনিধিত্বকারী আইনজীবিরা শিক্ষার্থীদের রেকর্ড দেখতে চাচ্ছেন। এই রেকর্ডগুলো সকল পক্ষের সাথে গোপনীয়তার (কনফিডেশিয়ালিটি) চুক্তিতে সুরক্ষিত এবং ওগুলো উক্ত পক্ষের আইনজীবি, বিশেষজ্ঞ এবং আদালত ছাড়া কারো কাছে উন্মুক্ত করা হবে না। কোন শিক্ষার্থীর রেকর্ডই শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবকের বা শিক্ষার্থী আঠারো বছরের অধিক বয়স্ক হলে তার নিজের সুস্পষ্ট সম্মতি ছাড়া সর্বসাধারণের বা অন্য কোন শিক্ষার্থী বা পিতামাতার কাছে প্রকাশ করা হবে না।

আপনি বর্তমান বা সাবেক শিক্ষার্থী হলে, কিংবা 1 আগস্ট, 2016 এবং 22 ফেব্রুয়ারি, 2019, সালের অন্তর্বর্তীকালে নিউ ইয়র্ক সিটি এডুকেশন ডিপার্টমেন্টের প্রস্তুত করা ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম ("IEP") আছে, এমন কোন শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক হলে, আপনি অথবা আপনার সন্তান হয়ঃ

1. কমিটি অন প্রি-স্কুল এডুকেশন, অথবা "CPSE," থেকে কমিটি অন স্পেশাল এডুকেশন, অথবা "CSE"-এ স্থানান্তরিত হয়েছেন; এবং/অথবা

2. একটি স্টেট-অনুমোদিত নন-পাবলিক স্কুলে পড়ালেখা শুরু করেছেন; এবং/অথবা

3. প্রথমবারের মত সেন্ট্রাল বেইজড সাপোর্ট টিম ("CBST")-এ মুলতবি করা হয়েছে; এবং/অথবা

4. প্রথমবারের মত, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন দ্বারা একটি IEP-তে অটিস্টিক হিসেবে শ্রেণীবদ্ধ করা হয়েছে অথবা অটিজম্ স্পেক্ট্রাম ডিসঅর্ডার আছে বলে নির্ণিত হয়েছে।

যদি আপনার সন্তান ৩ জুলাই, ২০১৩ সালে একুশ বছরের বেশি বয়সী হয়ে থাকে, তাহলে সে এই ক্লাসের সদস্য হবে না এবং এই বিজ্ঞপ্তিটি তার প্রতি প্রযোজ্য হবে না।

এই মামলার প্রকৃতি

এই *M.G. বনাম NYC DOE* মামলায়, বাদী হলো প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী ও তাদের পিতামাতাগণ। বাদীপক্ষ নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীর দুটি ভিন্ন শ্রেণীদের নিয়ে গঠিতঃ অটিজম সার্ভিসেস ক্লাস এবং দ্যা NPS পলিসি ক্লাস। যেসব শিক্ষার্থীদের অটিজম্ স্পেক্ট্রাম ডিসঅর্ডার আছে বলে নির্ণিত হয়েছে অথবা শ্রেণীবদ্ধ করা হয়েছে, তাদেরকে নিয়ে অটিজম্ স্পেক্ট্রাম ডিসঅর্ডার শ্রেণী গঠিত হয়েছে। যেসব শিক্ষার্থীদের সুপারিশ করা হয়েছে এবং/অথবা যারা নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত নন-পাবলিক স্কুলে পড়ছে, তাদেরকে নিয়ে দ্যা NPS পলিসি ক্লাস গঠিত হয়েছে। বাদীগণ অভিযোগ করেছেন যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন ও নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট শ্রেণির সদস্যদেরকে প্রতিটি ক্লাস থেকে কিছু স্পেশাল এডুকেশন সার্ভিস বারণ করে, এমন কিছু নিয়ম চালু করে অন্যান্য সংশ্লিষ্ট আইনগুলোর মধ্যে 'ইনডিভিডুয়ালস উইদ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট' লঙ্ঘন করেছে। এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন ও স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট এসব অভিযোগ অস্বীকার করেছে। অন্যান্য উপশমের পাশাপাশি, বাদীগন চাচ্ছেন, আদালতের আদেশ যা এই মামলার ক্লাস সদস্যগণ যেন যথাযথ এডুকেশনাল সার্ভিস পায় তা নিশ্চিত করবে।

বাদীগনের প্রতিনিধিত্ব করছেন দ্যা ল' অফিস অভ এলিসা হাইম্যান (Elisa Hyman), P.C., www.specialedlawyer.com (212-293-8686) এবং রবিন্স গেলার রুডম্যান (Robbins Geller Rudman) এন্ড দাউদ (Dowd), https://www.rgrdlaw.com/.। যদি আপনি এই মামলা সম্পর্কে আরো তথ্য চান ,তবে এই ক্লাস সার্টিফিকেশন সিদ্ধান্তের কপি https://www.specialedlawyer.com/ -এই ওয়েবসাইটে পাবেন।

ডকুমেন্টের জন্য অনুরোধ

এই মামলার অংশ হিসেবে বাদীগণ সিটি ও স্টেট ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কাছ থেকে কিছু নথি পেতে চাইছেন যাতে শিক্ষার্থী শ্রেণি সদস্যদের সুরক্ষিত ব্যক্তিগত তথ্য সন্নিবেশিত আছে। "সুরক্ষিত ব্যক্তিগত তথ্য"-এর মধ্যে যা যা আছে, তবে তা এর মধ্যে সীমিত নয়: পিতামাতা ও অভিভাবকের নাম (যাতে আছে মায়ের মূল শেষ নাম); পরিবারের সদস্যদের নাম; সোশ্যাল সিকিউরিটি নম্বর; বাড়ির ঠিকানা; এবং বাড়ির ফোন নম্বর; এবং জন্মের তারিখ ও স্থান।

অনুরোধকৃত নথির উদারহণের মধ্যে আছে: আইইপি; নিরপেক্ষ শুনানির রেকর্ড ও ট্রান্সক্রিপ্ট; স্পেশাল এডুকেশনের পরীক্ষা ও মূল্যায়ন; রিপোর্ট কার্ড ও প্রগ্রেস রিপোর্ট; এবং শিক্ষার্থীর ফাইলে রাখার জন্য পিতামাতাদের দেওয়া কাগজপত্র।

নথিগুলো কঠোরভাবে সুরক্ষিত আছে ও শুধু পক্ষগুলোর অ্যাটর্নি, তাদের বিশেষজ্ঞ, এবং আদালত দেখতে পারবেন, সেটা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট পক্ষগুলো একটি আদালত নির্দেশিত গোপনীয়তার চুক্তিতে আবদ্ধ হয়েছেন।

শিক্ষার্থীদের গোপনীয়তার অধিকার

ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট ("FERPA"), 20 U.S.C. § 1232g(b) এবং 34 C.F.R. § 99.31(a)(9)(ii), এবং ইনডিভিডুয়ালস উইদ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট ("IDEA"), 20 U.S.C. §§ 1400, *et seq.* হলো ফেডারেল সরকারের আইন যা শিক্ষার্থীর রেকর্ডের গোপনীয়তা সুরক্ষিত করে। এই আইনগুলো কোর্টের আদেশ সাপেক্ষে এসব নথি কোন স্কুল ডিস্ট্রিক্ট রেকর্ড প্রকাশের আগে যৌক্তিক প্রচেষ্টা চালায় যাতে শিক্ষার্থী ও পিতামাতাদেরকে সুরক্ষিত ব্যক্তিগত তথ্য সংবলিত রেকর্ড, প্রকাশের জন্য প্রস্তুত করার আগে, সেগুলোর প্রকাশ বারণ করার জন্য যথেষ্ট সময় প্রদান করে প্রকাশের অনুমোদন দেয়।

যদি বিজ্ঞপ্তি প্রদানের পর কোন পিতামাতাএবং/অথবা শিক্ষার্থী বারণ করেন, তাহলে নথি প্রস্তুত করা যেতে পারে, তবে তা থেকে সুরক্ষিত ব্যক্তিগত তথ্য প্রত্যাহার করা হবে।

সম্মতি দেওয়া ও আপত্তি করার সুযোগ

এই বিজ্ঞপ্তি *MG* মামলা বা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অন্য কোন বিচারাধীন বিষয় সংক্রান্ত আপনার বা আপনার সন্তানের কোন অধিকারকে প্রভাবিত করে না।

আপনি আপনার সন্তানের রেকর্ড প্রকাশে আপত্তি করায় আপনার কোন বাধা নেই। আপনাকে সহায়তা দেওয়ার জন্য যদি কোন অ্যাটর্নি বা এডভোকেট থাকেন, আপনি তার সাথে এই বিজ্ঞপ্তি নিয়ে কথা বলে নিতে পারেন।

যদি আপনি আপত্তি না করেন

যদি উপরে বর্ণিত তথ্য প্রকাশে আপনার আপত্তি না থাকে, তবে আপনাকে কিছু করতে হবে না।

যদি আপনি আপত্তি করেন

উপরে বর্ণিত তথ্য প্রকাশে যদি আপনার আপত্তি থাকে, তাহলে আপনাকে অবশ্যই: এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত অথবা https://infohub.nyced.org/resources/translated-documents/notice-of-potential-disclosure-of-student-records-and-opt-out-form -এই ওয়েবসাইটে লভ্য "Objection to Disclosure of Student Information and Records Case No. 13-CV-4639" ফর্ম পূরণ করতে হবে যা https://www.schools.nyc.gov/special-education/help/your-rights -এই ওয়েবসাইটে পাওয়া যাবে এবং পূরণ করে নিচের ঠিকানায় আদালতে ডাকযোগে পাঠাতে হবে:

The Honorable Robert W. Lehrburger
c/o Clerk of the Court
Southern District of New York
500 Pearl Street, Courtroom 18D
New York, NY 10007
Attn: আদালত কর্তৃক সংরক্ষিত

প্রক্রিয়া

- সকল আপত্তি অবশ্যই আদালতে 10 মে, 2019-এর মধ্যে পৌঁছাতে হবে।
- আদালতে ফোন করবেন না। আদালত এ বিষয়ে কোন ফোন কল গ্রহণ করবে না।

আপনাকে সচেতন থাকতে হবে যে আপনার সাথে বাদীদের ক্লাসের (শ্রেণির) কাউন্সেল আপনার সাথে যোগাযোগ করতে পারেন।

আপনার সন্তানের (অথবা আঠারো বছরের অধিক বয়স্ক হলে আপনার নিজের) রেকর্ড প্রকাশ কীভাবে আপত্তি করতে পারেন সেবিষয়ে আরও তথ্য পেতে, কিংবা কীভাবে এই বিজ্ঞপ্তির অনুবাদ প্রয়োজন হলে, অনুগ্রহ করে https://infohub.nyced.org/resources/translated-documents/notice-of-potential-disclosure-of-student-records-and-opt-out-form -এই ওয়েবসাইটটি দেখুন।

আপনি যদি 10 মে, 2019-এর মধ্যে অবজেকশন ফর্ম জমা না দেন, তাহলে ধরে নেওয়া হবে যে আপনি শিক্ষার্থীর সুরক্ষিত ব্যক্তিগত তথ্য সম্বলিত তথ্য ও রেকর্ড প্রকাশে আপত্তি করার অধিকার প্রয়োগ করছেন না। সকল বারণ আদালতের অধিকারবলে সংরক্ষিত থাকবে।

স্পানিশ, আরবি, বাংলা, চাইনিজ, ফরাসি, হেশিয়ান ক্রেওল, কোরিয়ান, রাশিয়ান, এবং উর্দু ভাষায় অনুবাদ পাওয়া যাবে https://infohub.nyced.org/resources/translated-documents/notice-of-potential-disclosure-of-student-records-and-opt-out-form. -এই ওয়েবসাইটে।